# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮১২

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) এর তিরোধান

## আরবী

عَنْ أَنَسٍ قَالَ لَمَّا ثَقُلَ النَّبِيُّ ﷺ جَعَلَ يَتَغَشَّاهُ فَقَالَتْ فَاطِمَةُ عَلَيْهَا السَّلَام وَا كَرْبَ أَبَاهُ فَقَالَ لَهَا لَيْسَ عَلَى أَبِيكِ كَرْبٌ بَعْدَ الْيَوْمِ فَلَمَّا مَاتَ قَالَتْ يَا أَبَتَاهْ أَجَابَ رَبًّا دَعَاهُ يَا أَبَتَاهْ مَنْ جَنَّةُ الْفِرْدَوْسِ مَأْوَاهْ يَا أَبَتَاهْ إِلَى جِبْرِيلَ نَنْعَاهْ فَلَمَّا دُفِنَ قَالَتْ فَاطِمَةُ عَلَيْهَا السَّلَام يَا أَنَسُ أَطَابَتْ أَنْفُسُكُمْ أَنْ تَحْثُوا عَلَى رَسُوْلِ اللهِ ﷺ التُّرَابَ؟

## বাংলা

(২৮১২) আনাস (রাঃ) বলেন, যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেশী অসুস্থ হয়ে পড়লেন এবং তাকে কষ্ট ঘিরে ফেলল, তখন (তাঁর কন্যা) ফাতেমা (রাযিয়াল্লাহু আনহা) বললেন, 'হায়! আববাজানের কষ্ট!' তিনি এ কথা শুনে বললেন, আজকের দিনের পর তোমার আববার কোন কষ্ট হবে না। অতঃপর যখন তিনি দেহত্যাগ করলেন, তখন ফাতেমা (রাযিয়াল্লাহু আনহা) বললেন, 'হায় আববাজান! প্রভু যখন তাঁকে আহবান করলেন, তখন তিনি তাঁর ডাকে সাড়া দিলেন। হায় আববাজান! জান্নাতুল ফিরদাউস তাঁর বাসস্থান। হায় আব্বাজান! আমরা জিবরীলকে আপনার মৃত্যু-সংবাদ দেব।' অতঃপর যখন তাঁকে সমাধিস্থ করা হল, তখন ফাতেমা (রাঃ) বললেন, 'হে আনাস! আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর মাটি ফেলতে কি তোমাদেরকে ভাল লাগল?'

## ফুটনোট

(বুখারী ৪৪৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66560

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন